তারিখ 28 FEB 2016
পৃষ্ঠা ৫ কলাম ২


যুগান্তর

# জাতীয় হাইস্কুল প্রোগ্রামিংয়ের তিনটি অঞ্চলের নিবন্ধন শুরু

দেশে দ্বিতীয়বারের মতো অনুষ্ঠিত হতে যাওয়া জাতীয় হাইস্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতার তিনটি অঞ্চলের নিবন্ধনপর্ব শুরু হয়েছে। ঢাকা মহানগর, কুমিল্লা ও টাঙ্গাইল অঞ্চলের এই নিবন্ধন শুরু হয়েছে শনিবার সকাল থেকে।

'জানুক সবাই, দেখাও তুমি' স্লোগান নিয়ে সরকারের আইসিটি বিভাগের আয়োজনে ৬ মার্চ থেকে শুরু হতে যাওয়া প্রোগ্রামিং প্রতিযোগিতার নিবন্ধন চলবে ৫ মার্চ পর্যন্ত। প্রতিদিন সকাল ১০টা থেকে বিকাল ৫টা পর্যন্ত। তবে আসন সীমিত থাকায় অনেকটা. আগে এলে আগে পাবেন ভিত্তিতে এই নিবন্ধন চলবে।

অনলাইনে নিবন্ধন করে পরে কনফার্মেশন ফরম সংগ্রহ করতে হবে। অথবা সরাসরি গিয়েও নিবন্ধন করা যাবে। ঢাকা মহানগরের নিবন্ধন চলছে সায়েন্স কমপ্লেক্স ভবন, সুইমিং পুলের উল্টো পাশে, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়ে।



এ ছাড়া কুমিল্লা অঞ্চলের আগ্রহী প্রতিযোগীরা নিবন্ধন করতে পারবেন কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের কাঁঠালতলায়। ওই অঞ্চলের প্রোগ্রামিং প্রতিযোগিতার আসর বসবে ৮ মার্চ। কুমিল্লা, ব্রাহ্মণবাড়ীয়া ও চাঁদপুর জেলার প্রতিযোগীরা অংশ নেবেন সেখানে।

আর টাঙ্গাইল ও গাজীপুর জেলার প্রতিযোগীদের নিবন্ধন করতে হবে মওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগে। ৯ মার্চ অনুষ্ঠিত হবে টাঙ্গাইল অঞ্চলের প্রতিযোগিতা।

এবারের প্রোগ্রামিং প্রতিযোগিতায় জুনিয়র ক্যাটাগরিতে ষষ্ঠ থেকে নবম শ্রেণী, সিনিয়র ক্যাটাগরিতে দশম থেকে থেকে এইচএসসি পরীক্ষার্থী ও পলিটেকনিক ৪র্থ সেমিস্টার পর্যন্ত অংশ নিতে পারবেন।

আর কুইজ প্রতিযোগিতায় জুনিয়র ক্যাটাগরিতে ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণী, সেকেন্ডারিতে নবম থেকে এসএসসি পরীক্ষার্থী এবং হায়ার সেকেন্ডারিতে একাদশ থেকে এইচএসসি পরীক্ষার্থী ও পলিটেকনিক ৪র্থ সেমিস্টারের শিক্ষার্থীরা অংশ নিতে পারবেন।

মোট ১৬টি স্থানে আঞ্চলিকভাবে অনুষ্ঠিত প্রোগ্রামিং প্রতিযোগিতা শেষ হবে ৩ এপ্রিল। আর ৯ এপ্রিল রাজধানীর কৃষিবিদ ইন্সটিটিউশন মিলনায়তনে বসবে প্রতিযোগিতার চূড়ান্ত আসর। পর্যায়ক্রমে অন্যান্য অঞ্চলের প্রতিযোগিতার নিবন্ধন ও অনুষ্ঠানের তারিখ ঘোষণা করা হবে।

দ্বিতীয়বারের মতো অনুষ্ঠিত এই প্রতিযোগিতায় প্রধান পৃষ্ঠপোষক মোবাইল অপারেটর রবি আজিয়াটা লিমিটেড। পুরো আয়োজন বাস্তবায়নে সহযোগিতা করছে বাংলাদেশ ওপেন সোর্স নেটওয়ার্ক (বিডিওএসএন), একাডেমিক সহযোগিতা কোড মার্শাল এবং সহযোগী হিসেবে আছে কিশোর আলো, এটিএন নিউজ এবং বাংলাদেশ আইসিটি জার্নালিস্ট ফোরাম (বিআইজেএফ)।

—ইমরান হোসেন মিলন